দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 7 JAN 2017 ...
পৃষ্ঠা ২০ ... কলাম ... ৬ ......

# ৫৮১ কারিগরি শিক্ষক কর্মকর্তাকে প্রশিক্ষণ দেবে চীন

স্টাফ রিপোর্টার ॥ বাংলাদেশের কারিগরি খাতের ৫৮১ জন শিক্ষক-কর্মকর্তাকে প্রশিক্ষণ দেবে চীন। শুক্রবার থেকে চীনের গুয়াংজু ইন্ডাস্ট্রি ও ট্রেড টেকনিশিয়ান কলেজে প্রথম ব্যাচের ১০ দিনব্যাপী বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ শুক্রবার সকালে চীনে এ প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধন করেন। শিক্ষা মন্ত্রণালয় এক বিজ্ঞপ্তিতে চীনের প্রশিক্ষণ দেয়ার বিষয়টি নিশ্চিত করেছে।

উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা বাংলাদেশের অগ্রাধিকার খাত, কারিগরি শিক্ষা হলো অগ্রাধিকারের অগ্রাধিকার। সরকার ইতোমধ্যে কারিগরি শিক্ষায় শিক্ষার্থী ভর্তির হার ১৪

(১৯ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)

## ৫৮১ কারিগরি

(২০-এর পৃষ্ঠার পর)

শতাংশের উপরে উন্নীত করেছে। এ হার ২০২০ সালের মধ্যে ২০ এবং ২০৩০ সালের মধ্যে ৩০ শতাংশে নিয়ে যাওয়ার উদ্যোগ নেয়া হয়েছে। এ খাতের অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে সরকার শিক্ষা মন্ত্রণালয়কে ভাগ করে কারিগরি ও মাদ্রাসা বিভাগ করেছে। চীন বাংলাদেশের পরীক্ষিত বন্ধু উল্লেখ করে মন্ত্রী বলেন, চীন বাংলাদেশের শিক্ষা, যোগাযোগসহ বিভিন্ন খাতে উল্লেযোগ্য অবদান রেখে চলেছে। কারিগরি খাতে এ প্রশিক্ষণ সহযোগিতা বাংলাদেশের প্রযুক্তিগত উন্নয়নে মূল্যবান ভূমিকা রাখবে। তিনি আরও বলেন, সিঙ্গাপুর সরকার ইতোমধ্যে বাংলাদেশের কারিগরি খাতের ৪২০ জন শিক্ষক-কর্মকর্তার প্রশিক্ষণ প্রদান করেছে এবং ২০১৯ সালের মধ্যে আরও ১ হাজার ১৫০ জনের প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত করবে। ভারতের সঙ্গেও এ ধরনের প্রশিক্ষণের বিষয় নিয়ে তৎপরতা চলছে।

অনুষ্ঠানে বাংলাদেশের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব ও কারিগরি শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস, স্টেপ প্রকল্পের প্রকল্প পরিচালক সচিব (অতিরিক্ত সচিব) মোঃ ইমরান, এনএসডিসির প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব) এবিএম খোরশেদ আলম, স্টেপ প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক জয়দেব চন্দ্র সাহা ও প্রকৌশলী মোঃ নুরুজ্জামান উপস্থিত ছিলেন।